# 📖 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯২]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৩: ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

(23) ـ باب الأمر بالمعروف والنهي عن المنكر

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الحَسَنِ البَصرِي : أَنَّ عَائِذَ بنَ عَمرٍو رضي الله عنه دَخَلَ عَلَى عُبَيْدِ اللهِ بن زِيَاد، فَقَالَ : أي بُنَيَّ، إنّي سَمِعتُ رَسُول الله صلى الله عليه وسلم يَقُولُ: «إنَّ شَرَّ الرِّعَاءِ الحُطَمَةُ» فَإِيَّاكَ أَنْ تَكُونَ مِنْهُمْ، فَقَالَ لَهُ : اجلِسْ فَإِنَّمَا أنْتَ مِنْ نُخَالَةِ أَصْحَابِ مُحَمَّد صلى الله عليه وسلم، فَقَالَ : وهل كَانَتْ لَهُم نُخَالَةٌ إنَّمَا كَانَتِ النُّخَالَةُ بَعْدَهُمْ وَفي غَيْرِهِمْ . رواه مسلم

বাংলা

৯/১৯৭। আবূ সাঈদ হাসান বাসরী বর্ণনা করেন যে, আয়েয ইবনু ’আমর রাদিয়াল্লাহু ’আনহু (ইরাকের গভর্নর) উবাইদুল্লাহ ইবনু যিয়াদের নিকট গেলেন। অতঃপর (উপদেশ স্বরূপ) বললেন, ’বেটা! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, নিশ্চয় নিকৃষ্টতম শাসক সে, যে প্রজাদের ব্যাপারে কঠোরতা অবলম্বন করে। সুতরাং তুমি তাদের দলভুক্ত হওয়া থেকে দূরে থাকো।’ যিয়াদ তাঁকে বলল, ’আপনি বসুন, আপনি তো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের চালা আটার অবশিষ্ট ভুসি (অপদার্থ)!’ তিনি বললেন, ’তাঁদের মধ্যেও কি ভুসি আছে? (কখনই না।) বরং ভুসি তো তাঁদের পরবর্তী এবং তাঁরা ছাড়া অন্যদের মধ্যে আছে।’[1]

## English

(23) Chapter: Enjoining Good and forbidding Evil

Abu Sa'id Al-Hasan Basri reported:
'Aidh bin 'Amr (the Companion) (May Allah be pleased with him) visited 'Ubaidullah bin Ziyad (the ruler) and said to him: "Son, I heard Messenger of Allah (ﷺ) saying, 'The worst shepherds (rulers) are those who deal harshly in respect of supervision. Beware, Don't be one of them!"' Ibn Ziyad said to

him, "Sit down, you are but husk from among the Companions of the Prophet (ﷺ)." 'Aidh bin 'Amr (May Allah be pleased with him) retorted: "Was there any husk among them? Surely, husk came after them and among others than them".

[Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ১৮৩০, আহমাদ ২০১১৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22532

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন